
NYC Public Schools | PS+YOU

চ্যান্সেলর **মেলিসা অ্যাভিলেস্-রামোস**-এর কাছ থেকে একটি নিউজলেটার





## 2025-2026 শিক্ষা বছরের জন্য প্রস্তুতি গ্রহণ

প্রিয় পরিবারবর্গ এবং সহকর্মীবৃন্দ,

বছরের এই সময়টি আবারও ফিরে এসেছে! আমরা আমাদের অসাধারণ সামার রাইজিং প্রোগ্রাম সমাপ্ত করেছি, শিক্ষকরা শীঘ্রই তাদের ক্লাসরুম সেট আপ করবেন, এবং 4 সেপ্টেম্বর, আমাদের স্কুলগুলো শেখার জন্য প্রস্তুত শিক্ষার্থী দ্বারা ভরপুর হয়ে যাবে।

তারা কিছু অসাধারণ সাফল্য—2025 সালের নিউ ইয়র্ক স্টেট পরীক্ষায়, ম্যাথ বা গণিতে 3.5 শতাংশ এবং রিডিং বা পড়ার ক্ষেত্রে 7.2 শতাংশ দক্ষতার হার বৃদ্ধি—অগ্রসর করবে। আমি শিক্ষার্থী, পরিবার, এবং শিক্ষার্থীবৃন্দ—যারা এই ফলাফল অর্জনে এনওয়াইসি রিডস্ (NYC Reads), এনওয়াইসি সলভ্স্ (NYC Solves), এবং আমাদের অন্য সকল শিক্ষায়তনিক উদ্যোগ বাস্তবায়ন করেছে—তাদের প্রতি অত্যন্ত গর্বিত।

নতুন শিক্ষা বছর শুরু হবার পথে আমরা শেখার, বিকাশের, এবং অন্বেষণের আরেকটি বছরের জন্য প্রস্তুত। পরিবারবর্গ, আমরা যখন 4 সেপ্টেম্বর স্কুলে ফিরে যাওয়ার প্রস্তুতি নিচ্ছি এখানে কিছু গুরুত্বপূর্ণ অনুস্মারক দেয়া হলো:

- এই শিক্ষা বছর স্টেটের নতুন সেল ফোন সংক্রান্ত আইন কার্যকর হচ্ছে। আরও জানতে, schools.nyc.gov/DevicePolicy দেখুন।
- আপনার স্কুল আপনার সাথে যোগাযোগ করতে পারে তা নিশ্চিত করুন—আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ করতে আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্টে (NYCSA) লগ ইন করুন।
- আপনার সন্তানের যাতায়াতের বিকল্পসমূহ ও যোগ্যতা সম্পর্কে জানুন। বিস্তারিত তথ্যের জন্য schools.nyc.gov/Transportation দেখুন।
- আপনার সন্তান আবশ্যক টিকাসমূহ (ইমিউনাইজেশন) গ্রহণ করেছে, তা নিশ্চিত করুন। আপনার সন্তান যদি প্রথমবারের মতো স্কুল বা চাইল্ড কেয়ার শুরু করছে, তবে তাদেরকেও একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে একটি শারীরিক পরীক্ষার (ফিজিক্যাল এক্সাম) প্রয়োজন হবে।
- উল্লেখযোগ্য তারিখ এবং অনুষ্ঠানসমূহ টুকে রাখতে সম্পূর্ণ 2025-2026 ক্যালেন্ডার পর্যালোচনা করুন।

আরও তথ্যের জন্য এবং একটি ব্যাক-টু-স্কুল চেকলিস্ট বা যাচাই-তালিকার জন্য, school.nyc.gov/BackToSchool দেখুন। এছাড়াও আপনার কোনও প্রশ্ন বা উদ্বেগ থাকলে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করতে পারেন; আপনি আমাদের "Find a School (একটি স্কুল খুঁজুন)" তাদের যোগাযোগের তথ্য খুঁজে পেতে পারেন।

আমি খুব শীঘ্রই আপনাদের সকলের সাথে দেখা হবার এবং 2025-26 শিক্ষা বছরের বহু চমৎকার দিনের প্রথম দিনটি উদযাপন করতে অধীর অপেক্ষায় আছি!

অংশীদারিত্বে,

মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)
চ্যান্সেলর

**চ্যান্সেলরের স্পটলাইট:**
এই জুলাই এবং অগাস্টে, ইস্ট হারলেম-এ অবস্থিত রিভার ইস্ট এলিমেন্টারির সামার রাইজিং সাইটটি উদ্দীপনা এবং শেখায় ভরপুর ছিল। আমাদের সাথে বহুবিধ কমিউনিটি-ভিত্তিক সংস্থার অংশীদারিত্বের জন্য তাদেরকে ধন্যবাদ, শিক্ষার্থীরা সাঁতার থেকে নৃত্য পর্যন্ত বিশদ পরিসরে সমৃদ্ধিমূলক কার্যক্রমে অংশ নিয়েছিল—এই কার্যকক্রমগুলো একজন সামার রাইজিং শিক্ষার্থী, ফার্নান্দো (Fernando), সামারের উল্লেখযোগ্য বিষয় হিসেবে তুলে ধরেছে। সে শিক্ষায়তনিক বিষয়গুলোও সম্পৃক্তিমূলক মনে করেছে, বলেছে, "আমার শিক্ষক শেখাকে আনন্দদায়ক করেছেন।"

*কোনো ব্যক্তি অথবা প্রোগ্রামকে চ্যান্সেলরের স্পটলাইট-এর জন্য এখানে মনোনয়ন দিন।*

**আমাদের হাইলাইট ভিডিও:**



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের ইউটিউব পেজ দেখুন।
অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং" (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

**NYCPS-এর সংবাদ এবং তথ্য-সংস্থান:**

- দ্যা মর্নিং বেল-এ আমাদের উদ্দীপনাময় 2025 স্টেট টেস্টের ফলাফল দেখুন!
- বিভিন্ন খবর এবং তথ্য-সংস্থানের জন্য, অনলাইনে ফেসবুক, ইনস্টাগ্রাম, X, এবং ইউটিউব-এ NYCPS-কে অনুসরণ করুন।
- এখানে মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে অনুগ্রহ করে এখানে ক্লিক করুন।

NYCPS পরিবারবর্গ: আপনি এই নিউজলেটারটি আর পেতে না চাইলে, অনুগ্রহ করে আনসাবস্ক্রাইব-এ ক্লিক করুন।